দৈনিক ইনকিলাব

তারিখ 11-JAN-2015
পৃষ্ঠা ৬ কলাম ২

ঢাকা, রোববার ২৮ পৌষ ১৪
১১ জানুয়ারি ২০১৫

# চট্টগ্রামে আর্মি মেডিকেল কলেজের যাত্রা শুরু

চট্টগ্রাম ব্যুরো : চট্টগ্রামে সেনাবাহিনী পরিচালিত আর্মি মেডিকেল কলেজের যাত্রা শুরু হয়েছে। গতকাল (শনিবার) সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রামের আর্মি মেডিকেল কলেজের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসম্পদ মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, ভূমি প্রতিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ, সংসদ সদস্য ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভি, মোস্তাফিজুর রহমান ও সাবিহা মুসা এবং জিওসি মেজর জেনারেল সাব্বির আহমেদ ও আর্মি মেডিকেল কলেজের অধ্যক্ষ ইমাদউদ্দিন। চট্টগ্রাম সেনানিবাসের ভেতরে হাটহাজারী-ভাটিয়ারী লিংক রোডের পাশে খিলাপাড়া এলাকায় প্রাথমিকভাবে ৫০ জন শিক্ষার্থী নিয়ে শুরু হয়েছে এ মেডিকেল কলেজের যাত্রা। ৩০ একর জায়গার উপর নির্মিত এ কলেজের থাকছে ৫শ' শয্যার হাসপাতালও।